দৈনিক
ইত্তেফাক

তারিখ: 11 MAY 2015
পৃষ্ঠা: ১৭ কলাম: ২

# শিক্ষার্থীদের শ্রমে বাঁশ ও কাঠের সেতু নির্মাণ

■ কেন্দুয়া (নেত্রকোনা) সংবাদদাতা

জেলার কেন্দুয়া উপজেলার মোজাফরপুর ইউনিয়নের পাঁচহারুলিয়া গ্রামের রাজী নদী ও খোড়াখালী খালের সংযোগ স্থলে দীর্ঘদিনেও ব্রিজ নির্মাণ না হওয়ায় খুবই দুর্ভোগে দিন কাটাচ্ছে এলাকাবাসী। বিশেষ করে ওই গ্রামের স্কুল ও মাদরাসা পড়ুয়া শিক্ষার্থীরা চরম কষ্ট ভোগ করে লেখাপড়া চালিয়ে আসছে। কিন্তু এ দুর্ভোগ স্থানীয় জনপ্রতিনিধিদের দৃষ্টিতে পড়লেও অদ্যাবধি এ ব্যাপারে তারা কোনো উদ্যোগ নেননি।

অবশেষে এলাকাবাসীর এ দুর্দশা দেখে ওই গ্রামেরই ফজলুল হকের ছেলে নৌ সেনা নাজমুল হক গ্রামের স্কুল-কলেজ পড়ুয়া ছেলেদের নিয়ে সিদ্ধান্ত নিলেন, নিজেরাই ওই স্থানে সেতু নির্মাণ করবেন। যেই চিন্তা, সেই কাজ। সবাই মিলে লেগে পড়লেন সেতু নির্মাণের জন্য বাঁশ ও কাঠ সংগ্রহের কাজে। গ্রামের প্রতি ঘর হেঁটে হেঁটে তারা সংগ্রহ করলেন প্রয়োজনীয় বাঁশ ও কাঠ। তারপর নিরলস পরিশ্রম করে পাঁচ দিনে নির্মাণ করলেন সেতু।

পাঁচহারুলিয়া গ্রামের প্রবীণ ব্যক্তি মোহাম্মদ আব্দুল্লাহ জানান, স্থানটিতে ব্রীজ না হওয়ায় আমরা বছরের পর বছর দুর্ভোগ পোহাচ্ছিলাম। গ্রামের স্কুল-কলেজ পড়ুয়া যুবকরা ওই স্থানে স্বেচ্ছাশ্রমে বাঁশ ও কাঠ দিয়ে সেতু নির্মাণ করে এলাকাবাসীর বিশাল উপকার করেছে। সত্যিই তা প্রশংসার যোগ্য।

নৌ সেনা নাজমুল হক জানান, এক মাসের ছুটি কাটাতে বাড়ি এসে এলাকাবাসীর দুঃখ দেখে খুবই মর্মাহত হই। স্থানীয় স্কুল-কলেজ পড়ুয়া কয়েকজন যুবককে নিয়ে এলাকাবাসীর কিছুটা হলেও দুর্ভোগ লাঘবের চেষ্টা করেছি।